[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আতাউল গনি বলেন, আমি অত্যন্ত খুশি হয়েছি। একসাথে এ জেলায় এতজন বিসিএস এ ক্যাডার হয়েছে এটা মেহেরপুরের জন্য গর্ব। আমি ও আমাদের জেলা প্রশাসনের পক্ষ থেকে তাদের অন্তিরিক অভিনন্দন জানাই।

এদিকে, মেহেরপুরে বিসিএস এ চুড়ান্ত ১০ জনকে অভিনন্দন জানিয়ে তাদের উজ্জল ভবিষ্যৎ কামনা করেছেন মেহেরপুর প্রতিদিন’র সম্পাদক ইয়াদুল মোমিন, প্রকাশক এম এ এস ইমন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাব পরিবার, বিভিন্ন সাংস্কৃতিক কর্মী, সাংগঠনিক ব্যক্তিবর্গ।

কাম ফর হিউম্যানিটি’র গাংনী উপজেলা কমিটি গঠন

মেহেরপুরে গাংনী উপজেলা শাখার অরাজনৈতিক ও মানব কল্যাণধর্মী স্বেচ্ছাসেবী সংগঠন কাম ফর হিউম্যানিটি-সিএফএইচ এর কমিটি গঠন। আজ বৃহষ্পতিবার চিৎলা ফার্মে আম্রকাননে এর কেন্দ্রীয় কমিটির নির্দেশনা অনুযায়ী আগামী ১ বছরের জন্য ৩১ সদস্য বিশিষ্ট কাম ফর হিউম্যানিটি গাংনী উপজেলা শাখার কমিটি গঠন করা হয়েছে।

সবুজ আহমেদ খানকে সভাপতি ও বিপুল হাসানকে সাধারণ সম্পাদক মনোনীত করে ৩১ সদস্য বিশিষ্ট কমিটি অনুমোদন দেয় কাম ফর হিউম্যানিটির সভাপতি মামুন অর রশিদ বিজন ও সাধারণ সম্পাদক তানভীর আহমেদ সাজু।

নবনির্বাচিত কমিটির সভাপতি সবুজ আহম্মেদ খান, সহ-সভাপতি শাকিল পারভেজ, শাহরিয়ার আহম্মেদ রিক্ত, চপল আহম্মেদ, মোঃ রকিবুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ বিপুল হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক সোহরাব হোসেন (চিৎলা), আবু সাঈদ, খাইরুজ্জামান রবিন, সাংগঠনিক সম্পাদক মোঃ শিহাবুর রহমান, সোহরাব হোসেন (শানঘাট), মুজাহিদ খান জাহিদ, দপ্তর সম্পাদক মোঃ উমায়ের (অর্ক), উপ-দপ্তর সম্পাদক মোঃ নাসিম, প্রচার সম্পাদক মোঃ সামি উল ইসলাম, উপ-প্রচার সম্পাদক শাহরিয়ার, সাংস্কৃতিক সম্পাদক শশী মণি,

উপ সাংস্কৃতিক সম্পাদক মোঃ নাহিদ হোসেন, পরিবেশ বিষয়ক সম্পাদক মোঃ মিঠুন হাসান, সহ-পরিবেশ বিষয়ক সম্পাদক আমির হামজা, অর্থ বিষয়ক সম্পাদক আশিকুজ্জামান, সহ-অর্থ বিষয়ক সম্পাদক তপু রায়হান, মহিলা বিষয়ক সম্পাদক শিলা ঊষা, সহ-মহিলা বিষয়ক সম্পাদক সুরভী খাতুন, সমাজসেবা বিষয়ক সম্পাদক শাহিন রেজা (দেবীপুর) সহ-সমাজসেবা বিষয়ক সম্পাদক শেহজাদ নূরানী শাওন।

এসময় সংগঠনের সভাপতি মামুন অর রশিদ বিজন নবনির্বাচিত কমিটিকে শক্তিশালী ভাবে গাংনী উপজেলা তথা মেহেরপুর জেলার উন্নয়নে ও তরুণ সমাজকে একত্রিত করে বৃহৎ সামাজিক নেটওয়ার্ক তৈরির আহবান জানান। সেই সাথে আগামী ১ মাসের মধ্যে গাংনী উপজেলার সকল ইউনিটে কমিটি গঠনের নির্দেশনা দেয়।

তিনি আরও বলেন, কাম ফর হিউম্যানিটি বিগত ২০১৭ সাল থেকে মেহেরপুর জেলার তরুণ ও শিক্ষার্থীদের নিয়ে পরিচালিত হচ্ছে মেহেরপুর জেলা তথা সমগ্র বাংলাদেশের কল্যাণমূলক কাজের মধ্য দিয়ে। নবনির্বাচিত কমিটির জন্য শুভেচ্ছা ও অভিনন্দন জানান কেন্দ্রীয় কমিটি।

মেহেরপুরে এমডিএন ফুড এর যাত্রা শুরু

মেহেরপুর সদর উপজেলার কামদেবপুর গ্রামে অনলাইন অর্ডার এমডিএফ ফুড এর শুভ উদ্বোধন করা হয়।

গতকার বুধবার সন্ধ্যায় মেহেরপুর সদর উপজেলা কামদেবপুর হাইস্কুল প্রাঙ্গণে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন সিইও মোহিত হাসান বলেন, সম্প্রতি সময়ের জনপ্রিয় একটি পরিষেবা হলো অনলাইন অর্ডারিং। বিভিন্ন পণ্য দেশ বিদেশ থেকে অর্ডার করে নিয়ে আসা গেলেও খাবার পণ্য নিয়ে আসাটা কঠিন বা দুষ্কর। আর এই কথা চিন্তা করেই এমডিএন ফুড এ সমাধানের চেষ্টা করে আসছে সেই ২০১৮ সাল থেকে। আজ (বুধবার) এমডিএন ফুড মোবাইল সফটওয়্যার সফলভাবে উদ্বোধন করা হয়েছে।

তাদের পরিষেবা গুলো হচ্ছে- অনলাইন ভিত্তিক ফুড ডেলিভারি করা, যে কোনো দোকানদার তাদের এপে ফুড বা গ্রোসারি পণ্য সেল করতে পারবে, সেলার নিজেও ডেলিভারি করতে পারে কিংবা এমডিএন এক্সপ্রেস দ্বারাও ডেলিভারি করাতে পারে ।

এ সময় আরো উপস্থিত ছিলেন মো:আসিফ খান, সেলিম, সাইফুল, ডালিম সহ অন্যরা উপস্থিত ছিলেন।

গাংনী বাসির চিকিৎসা সেবাই নিয়োজিত হোক ডক্টরস পয়েন্টের পথ চলা-এমপি সাহিদুজ্জামান খোকন

বানিজ্য নয় গাংনী বাসির সেবাই নিয়োজিত হোক ডক্টরস পয়েন্টের পথ চলা। রোগীদের বাড়ি থেকে বের হওয়া থেকে শুরু করে চিকিৎসক পর্যন্ত পৌছাতে পদে পদে হতে হয় হয়রানী।প্রতিনিয়ত যে সব প্রতিষ্ঠান গড়ে ওঠেছে সেগুলো সেবার পরিবর্তে বানিজ্যিক হয়ে গড়ে ওঠেছে । আমি আশা করছি ডাঃ স্বাধীন যে ডক্টরস পয়েন্ট তৈরী করছেন তা যেন সেবার মানসিকতায় গড়ে ওঠে ।

গাংনীর মানুষ অতিসহজ সরল । আর এই সরলতার সুযোগ কাজে লগিয়ে চিকিৎসার নামে যেন কারো সাথে প্রতারনা না করা হয় এমন দিক বিবেচনা করবে ডক্টরস পয়েন্টের কর্তৃপক্ষ। এসব দিক বিবেচনা করে এবং সঠিক রোগ নির্নয়ের মাধমে ডক্টরস পয়েন্ট অভিজ্ঞ চিকিৎসক ও দক্ষ টেকনোলজিস্ট দ্বারা মানুষকে সেবা প্রদান করবে এমন প্রত্যাশা করেন সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গাংনীর কাথুলী মোড়ের রেহেনা টাওয়ারে ডক্টরস পয়েন্টের উদ্বোধন কালে প্রধান অতিথি হিসেবে বক্তব্যে এমন প্রত্যাশা ব্যাক্ত করেন এমপি সাহিদুজ্জামান খোকন। বর্তমানে চিকিৎসা সেবার অপ্রতুলতার ঘাটতি মেটাতে মেহেরপুরের গাংনীতে বুধবার সকালে উদ্বোধন করা হয়

ডক্টরস পয়েন্ট কনসাল্টেশন সেন্টার ।

সীনিত পরিসরে প্রতিষ্ঠানটির অনুষ্ঠানিক উদ্বোধন করেন মেহেরপুর - ২ আসনের জাতীয় সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন। মেহেরপুর সরকারী কলেজের রাস্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক, আব্দুল্লাহ আল আমিন ধুমকেতুর সঞ্চালনায় উদ্বোধনী বক্তব্য রাখেন ডক্টরস পয়েন্টের উদ্দোক্তা ডাঃ সজিবউদ্দীন স্বাধীন ।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেনম গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক এম এ খালেক। তিনি বলেন, গাংনী উপজেলায় একটি আধুনিক মান সম্মত ও ডিজিলাইজড চিকিৎসা কেন্দ্র চালু হতে যাচ্ছে এতে গাংনী ৪ থেকে ৫ লক্ষাধিক মানুষের চিকিৎসা নির্ভশীল প্রতিষ্ঠান হিসেবে সকলের মনের মনিকোঠায় স্থান করে নেবে এবিশ্বাস রেখে ডক্টরস পয়েন্টের শুভ কামনা করেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

গাংনী পৌরসভার মেয়র মোঃ আশরাফুল ইসলাম, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক গোলাম মোস্তয়া কথা সাহিত্যিক রফিকুর রশীদ রিজভী, গাংনী ডিগ্রি কলেজের সাবেক অধ্যাপক আব্দুর রশীদ, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টার, স্বেচ্ছাসেবকলীগর আহবায়ক আবুল বাসার, স্বাস্থ্যসেবার সাথে সম্পর্কিত বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের প্রতিনিধি, বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত সাংবাদিকবৃন্দরা এসময় উপস্থিত ছিলেন । বুধবার সারাদিন ব্যাপী চলে উদ্বোধনী অনুষ্ঠানের বিভিন্ন কার্যক্রম।

মেহেরপুরে নতুন করে দু’জন করোনা আক্রান্ত

মেহেরপুরের নতুন করে দু’জন করোনা আক্রান্ত হয়েছে।

গতকাল সন্ধ্যায় এ তথ্য নিশ্চিত করেছেন মেহেরপুরের সিভিল সার্জন

ডা: মো: নাসির উদ্দীন। আক্রান্তরা হলেন, সাহারবাটি গ্রামের বড়মসজিদ পাড়ার মিসেস মেরিনা (৩৫) ও মেহেরপুর পৌর এলাকার ঘোষ পাড়ার কাজল রেখা (২৮) । কাজল রেখা ঘোষ পাড়ার মেয়ে, তার শ্বশুরবাড়ি চুয়াডাঙ্গার দৌলতদিয়াড়, বর্তমানে সে চুয়াডাঙ্গাতেই অবস্থান করছেন বলে জানা যায়।

মেহেরপুরের সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন জানান, এ পর্যন্ত জেলায় ১৯৯৫ টি নমুনা পরীক্ষার ফলাফলের মধ্যে আক্রান্ত ৭৬ জন। এরমধ্যে মেহেরপুরে ৩৭, গাংনীতে ৩৩ ও মুজিবনগরে ৬ জন। সুস্থ হয়েছে ২৫জন ও মৃত্য হয়েছে ৫ জনের, ট্রান্সফার্ড করা হয়েছে ৭ জন কে।

উপজেলা প্রশাসন আক্রান্তদের বাড়ি সহ তাদের পার্শবর্তী কয়েকটি বাড়ি লকডাউন ঘোষনা করবে। সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার আহবান জানান তিনি।

গাংনীতে মশার কয়েল জ্বালাতে গিয়ে পুড়ল দিনমজুর আক্কাস আলীর বাড়ি

গাংনীর বামন্দী ইউনিয়নের রামনগরে গোয়াল ঘরে মশার কয়েলের আগুনে আক্কাচ আলী নামের এক দিনমজুরের বাড়ি পুড়ে গেছে। সোমবার মধ্যরাতে ওই গ্রামের মৃতঃ নইমুদ্দিন বিশ্বাসের ছেলে আক্কাস আলী বিশ্বাসের বাড়িতে অগ্নিকান্ডের ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, রাতে বাড়িতে আগুন লাগার খবর পেয়ে প্রতিবেশীরা ছুটে এসে আগুন নেভানোর চেষ্টা করে। তার আগেই গোয়ালঘর পুড়ে যায়।

গৃহকর্তা আক্কাস আলী জানান, রাতে পরিবারের সদস্যদের নিয়ে ঘুমিয়ে পড়ি। রাত ২টার দিকে হঠাৎ জেগে দেখি, গোয়াল ঘরে আগুন জ্বলছে। গোয়াল থেকে আগুনের সুত্রপাত হয়ে বসত ঘরে ছড়িয়ে পড়ে।এ সময় চিৎকার করলে প্রতিবেশীরা এগিয়ে আসার আগেই ঘর পুড়ে যায়।

ঘরে থাকা পাঁচটি ছাগল অগ্নীদদ্ব হয়ে একটি একটি ছাগল এছাড়াও বসত

ঘরে থাকা সকল আসবাবপত্র ও মালামাল পুড়ে গেছে। যার আনুমানিক মূল্য লক্ষাধিক টাকা।এলাকাবাসী ফায়ার সার্ভিসকে খবর দিলে ঘটনা স্থলে ফায়ার সার্ভিস পৌছানোর আগেই সব পুড়ে যায়।

বামুন্দি ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম বলেন, আমি শুনেছি এবং আমার পরিষদ থেকে তাকে সাহায্য সহযোগিতা করা হবে।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আর এম সেলিম শাহনেওয়াজ জানান এটি দুঃখজনক ঘটনা। অসাবধানতার কারণেই এ অগ্নিকান্ডের ঘটনা ঘটে। এ ব্যাপারে মানুষকে সচেতন হওয়া উচিত। অগ্নীকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবারকে সরকারি সহযোগিতা করার ব্যবস্থা করা হবে।

মেহেরপুরে গাংনী পৌর সভার বাজেট ঘোষনা

গাংনী পৌর সভাকে তিলোত্তমা পৌর সভায় পরিনত করার লক্ষ্যে স্বাস্থ্য খাতকে অধিক গুরুত্ব দিয়ে মেহেরপুরের গাংনী পৌরসভার ২০২০-২০২১ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষনা করা হয়েছে।

আজ (৩০) জুন মঙ্গলবার বেলা ১২ টার সময় পৌরসভার সম্মেলন কক্ষে , কাউন্সিলর ও রাজনৈতিক নেতৃবৃন্দ ও গণমাধ্যম কর্মীদের উপস্থিতিতে প্রস্তাবিত বাজেট ঘোষণা করেন গাংনী পৌরসভার মেয়র আশরাফুল ইসলাম। আয়ের সাথে ব্যায়ের সংগতি রেখে এবং স্বাস্থ্য খাতে গুরুত্ব দিয়ে ৩৭ কোটি ২৭ লাখ ৫৭ হাজার ৮৭৩ টাকার বাজেট উপস্থাপন করেন পৌর সচিব শামীম রেজা ।

এ বাজেটে স্বাস্থ্য খাতে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে ব্যায় ধরা হয়েছে ৫৬ লাখ ৫ হাজার টাকা। পৌর মেয়র আশরাফুল ইসলামেরে সভাপতিত্বে বক্তব্যে রাখেন পৌর কমিশনার মিজানুর রহমান, আফাল উদ্দিন। গাংনী পৌরসভাকে একটি তিলোত্তমা পৌরসভায় রুপান্তর করার পরিকল্পনা দ্রত বাস্তবায়ন হবে বলে পৌরবাসীকে আশ^স্ত করেন পৌর মেয়র আশরাফুল ইসলাম। এসময় পৌরবাসী জনপ্রতিনিধি ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নতুন করে ১২ জন করোনা আক্রন্ত

মেহেরপুরে নতুন করে আরও ১২ জন কোরনা রোগী সনাক্ত হয়েছে। ২৭ জুন শনিবার কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ৫৫ টি প্রাপ্ত রিপোর্ট এর মধ্যে ১২ টি পজিটিভ এসেছে। এর মধ্যে সদর উপজেলায় ৬ জন (একজন ফলেআপ) এবং গাংনীতে ৬ জন।

মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসিরউদ্দিন বিষয়টি নিশ্চিত করে বলেন, মেহেরপুরে নতুন করে ১২ জন কোভিড-১৯ পজিটিভ হয়েছে।

শনিবার নমুনা সংগ্রহ করা হয়েছে ৩২ জনের এর মধ্যে সদর উপজেলার ৪ জন, মেহেরপুর সদর হাসপাতালের ১৬ জন, গাংনীর ৭ জন এবং মুজিবনগরের ৫ জন।

এ নিয়ে শনিবার পর্যন্ত মেহেরপুর জেলায় সর্ব মোট ১৯০৮ টি নমুনা সংগ্রহ করা হয়েছে। সর্বমোট ফলাফল এসেছে ১৭৫২ টি তার মদ্য থেকে ৭২ জন কোরনা রোগী সনাক্ত হয়েছে। এর মধ্যে মেহেরপুর সদরে ৩৬ জন, গাংনী ৩০ জন, মুজিবনগর ৬ জন।

উল্লেখ্য, জেলায় করোনাতে মৃত্যু হয়েছে ৫ জনের, সুস্থ হয়েছেন ২৩ জন, জেলা থেকে ট্রান্সফার্ড করা হয়েছে ৫ জন কে, বর্তমানে চিকিৎসাধীন আছেন ৩৯ জন।

গাংনীতে নিয়মনীতি না মেনে বহুতল ভবন নির্মানের অভিযোগ,

কাজ বন্ধ করলেন পৌর মেয়র

গাংনী পৌরসভার পশু হাসাপাতাল সম্মুখে পৌর নিয়মকানুন না মেনে বহুতল বিশিষ্টি ভবন নির্মাণ করায় নির্মাণ কাজ বন্ধ করে দিলেন পৌর কর্তৃপক্ষ। পৌর সভা থেকে বারবার তাগিদ দিলেও নিয়ম মানতে নারাজ ভবন মালিক। বড় ধরনের দুর্ঘটনার দায় এড়াতে নির্মান কাজ বন্ধ দাবী পৌর কর্তৃপক্ষের।

জানাগেছে, গাংনী পৌর সভার পশু হাসপাতালের পার্শে এবং মহিলা কলেজ রোড সম্মুখে ৬ শতক জমির ওপর চার তলা ভবন নির্মান কাজে শুরু করেন স্থানীয় আবদুল গনির ছেলে সামসুজ্জামান এবং ওয়াহিদুজ্জামান। উক্ত জমি পৈত্রিক সুত্রে মালিক সামসুজ্জামান এবং ওয়াহিদজ্জামান ভবনের কাজ শুরু করেন ৩ বছর আগে।

ভবন নির্মাণ বিষয়টি পৌর কর্তৃপক্ষের দুষ্টি পড়লে তাদেরকে ভবন নির্মানের অনুমোতি সহ সকল নিয়মকানুন মেনে নির্মাণ কাজ শরু করার নির্দেশ দেন। জমির মালিকদ্বয় সে নির্দেশ অমান্য করে নির্মাণ কাজ চালিয়ে যায়। দফায় দফায় কাজ চালু করে ৩ তলা ভবনের কাজ শেষ করেন। আজ শুক্রবার ছিল চার তলার ছাদ ঢালাইয়ের কাজ। উপরের দিকে ছাঁদের অংশে ভেঙ্গে পড়ার আশংকা করেন স্থানীয়রা।

এমন একটি অভিযোগের ভিত্তিতে গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম পৌর সভার সকল কাউন্সিলর বৃন্দদের সাথে নিয়ে ছাদ ঢালাইয়ের কাজ বন্ধ করে দেন। এসময় অনুমোতির বিষয়য়ে কোন কাগজ পত্র দেখাতে পারেনি ভবনের মালিক সামসুজ্জামান।

সামসুজ্জামান সাংবাদিকদের বলেন, আমরা অনুমোদনের জন্য টাকা জমা দিয়েছি। টাকা জমার রশিদ এখন খুজে পাওয়া যাচ্ছেনা।
এদিকে ভবনের ছাদ ঢালাই কাজ বন্ধের জন্য প্রতিবেশি মহব্বত আলী জেলা প্রশাসক বরাবর একটি আবেদন করেছেন।

মহব্বত আলীর অভিযোগে জানা গেছে, ভবনের নিচের অংশ সামসুজ্জামানের নিজের জমিতে থাকলেও উপরের অংশ ক্রমশ বৃদ্ধি পেয়েছে। এতে মহব্বতের ভবনের ক্ষতি হতে পারে।

এ বিষয়ে সামসুজ্জামানের ছোট ভাই বাচ্চু জানায়, সকল নিয়মকানুন মেনেই ভবনের কাজ শুরু হয়েছে। তাদের ৬ শতক জমির পাশ দিয়েই ৪ ফিট রাস্তা রাখা হয়েছে। কিন্তু মহব্বত আলী সে এক ইঞ্চি জমি রাস্তার

জন্য ফেলে রাখেনি।

তিনি আরো বলেন, তিন বছর আগে অনুমোতি না নিয়ে যখন ভবনের পোতা খোড়ার কাজ করা হচ্ছিল তখন পৌর মেয়র কেনো বিষয়টি এড়িয়ে গেছেন? এমন অনেক ভবনই গাংনীতে নিয়মনীতির তেদায়াক্কা না করেই হয়েছে।

পৌর মেয়র আশরাফুল ইসলাম বলেন, প্রথম থেকেই তাদের নোটিশ করা হয়েছে। কিন্তু তারা পৌর আইন না মেনে ভবনের কাজ চালিয়ে আসছেন। তাই নিয়মনীতি মানতে সকল নাগরিক বাধ্য একারনেই চার তলার ছাদ ঢালাই কাজ বন্ধ করে দেয়া হয়েছে।

তিনি আরও বলেন, পৌর সভার প্রোকৌশলী বিষয়টি দেখবেন তার পর অনুমোদন সাপেক্ষে ভবনের কাজ পুররাই শুরু করবেন। তাছাড়া ভবন নির্মানের ত্রুটির কারনে দুর্ঘটনা ঘটলে পৌর কর্তৃপক্ষ দায় এড়াতে পারেনা তাই এই কাজ বন্ধ করা হয়েছে।

গাংনীতে দুটি বাড়ি লকডাউন

মেহেরপুরের গাংনী উপজেলায় পৌরশহরে শহরে একটি বাড়ি ও উপজেলার কোদালকাটি গ্রামের একজন মহিলার করোনা পজিটিভ হওয়াই দুটি পরিবারকে লকডাউন ঘোষণা করেছে উপজেলা প্রশাসন ও স্বাস্থ্য বিভাগ।

শুক্রবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা নির্বাহি অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ, গাংনী থানা পুলিশের একটি টিম ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের একজন চিকিৎসক বাড়িতে ঢুকে লকডাউন ঘোষণা করে।

বাড়ির দেয়ালে লকডাউন সম্বলিত সাইনবোর্ড লাগিয়ে দেয়া হয় এবং বাড়ির বাহিরে বের না হতে পরামর্শ দেয়া হয়। লকডাউন কৃত পরিবারদের প্রশাসনিক ও চিকিৎসা সেবার জন্য সার্বিক সহযোগিতা করার আশ্বাস দেন উপজেলা স্বাস্থ্য বিভাগ।

সূত্র জানায় কোদালকাটি গ্রামের করে আক্রান্ত মহিলা একজন স্কুল শিক্ষিকা। এছাড়া গান নিয়ে শহরের লকডাউন কৃত ব্যক্তি ব্যবসায়ী। তিনি ঢাকা থেকে কয়েক দিন আগে বাড়ি ফিরেছেন।

তিনি জানিয়েছেন তার শরীরে কোন ধরনের লক্ষণ নেই অসস্তিও নেই। শারীরিক কোনো সমস্যা নেই। তবে তিনি সকলের দোয়া চেয়েছেন সুস্থতার জন্য।

গাংনী উপজেলা নির্বাহি অফিসার সেলিম শাহনেওয়াজ জানান, লকডাউন কৃত পরিবারদের সার্বিক সহযোগিতা ও নিয়মিত চিকিৎসা প্রদান করা হবে। সেই সাথে তিনি গান্ধী বাসীকে সামাজিক গুরুত্ব ও সচেতনতার সাথে চলাফেরার অনুরোধ জানান।

মেপ্র/এমএফআর